

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৭৩

আগরতলা, ১৭ ডিসেম্বর, ২০২৩

কুয়েতের আমিরের প্রয়াণে রাজ্যে রাষ্ট্রীয় শোক

কুয়েতের আমির শেখ নাওয়াফ আল-আহমদ আল-জাবের আল-সাহাব'র প্রয়াণে সারা দেশের সাথে আজ রাজ্যেও রাষ্ট্রীয় শোক পালন করা হয়। গতকাল কুয়েতের আমির শেখ নাওয়াফ আল-আহমদ আল-জাবের আল-সাহাব প্রয়াত হন। ভারত সরকার গতকালই আজ সারা দেশে একদিন রাষ্ট্রীয় শোক পালনের কথা ঘোষণা করেন। সারা দেশের সাথে আজ রাজ্যেও রাষ্ট্রীয় শোক হিসেবে যে সমস্ত সরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলিত থাকে সেখানে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় ও সমস্ত সরকারি বিনোদনমূলক অনুষ্ঠান বন্ধ রাখা হয়েছে।
